# ৮। স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রেশন ও নিয়ন্ত্রণ) বিধি, ১৯৬২।

## বিজ্ঞপ্তি

ঢাকা, ২৯শে আগষ্ট ১৯৬২

নং শ-৭/4 এস-১০/৬২/৫২৩—১৯৬১ সালের (১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমুহ (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশের ১৯ ধারায় অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত বিধিসমূহ প্রণয়ণ করিতেছেন, যথা ঃ—

১৯৬২ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) বিধিসমূহ।

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রবর্তন**—(১) এই বিধিসমুহ ১৯৬২ সালের স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) বিধি নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে বলবৎ হইবে।

২। **সংস্থা**—বিষয়বস্তু কিংবা প্রসঙ্গবিশেষে প্রতিকুল কোন কিছু না থাকিলে, এই বিধিসমূহে—

(ক) ''আর্থিক বৎসর''বলিতে ১৮৯৭ সালের সাধারণ দফাসমূহ আইনে (১৮৯৭ সালের ১০ নং আইন) প্রদত্ত একই অর্থ বুঝাইবে;

(খ) ''ফরম'' অর্থে দ্বিতীয় তফসিলে সংযোজিত ফরম বুঝাইবে;

(গ) ''অধ্যাদেশ'' অর্থে ১৯৬১ সালের সেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ (১৯৬১সালের ৪৬ নং অধ্যাদেশ) বুঝাইবে;

(ঘ) '' তফসিল'' অর্থে এই বিধিসমূহের সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(ঙ) ''ধারা'' অর্থে অধ্যাদেশের কোন ধারা বুঝাইবে।

৩। **সংস্থার গঠনতন্ত্র**—সংস্থার গঠনতন্ত্র অধ্যাদেশ বিধানাবলীর বা এই বিধিসমূহের পরিপন্থি হইবেনা এবং অন্যান্য বিষয় ছাড়াও প্রথম তফসিলে বর্ণিত বিষয়াবলীর ব্যবস্থাদি থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ পর্যাপ্ত কারণবশতঃ কোন সংস্থার গঠনতন্ত্রে উপরি-উক্ত বিষয়াবলীর কোন একটির ব্যবস্থা না থাকিলেও উহা অনুমোদন করিতে পারিবেন।

৪। **রেজিষ্ট্রির জন্য দরখাস্ত**—(১) এই অধ্যাদেশ বলবৎ হইবার অব্যবহিত পর বিদ্যমান কোন সংস্থা রেজিষ্ট্রির জন্য দরখাস্ত 'ক' ফরমে এবং উহার পরে স্থাপিত যে সংস্থা রেজিষ্ট্রির জন্য 'খ' ফরমে দরখাস্ত করিতে হইবে।

(২) উভয় ক্ষেত্রেই রেজিষ্ট্রির দরখাস্তের সহিত নিম্নলিখিত দলিল-পত্র দাখিল করিতে হইবে ঃ

(ক) "XLVI—বিবিধ অন্যান্য ফিস, জরিমানা ও বাজেয়াপ্তির হিসাব খাত ( পে অব একাউন্ট)" এ জমাকৃত ২৫.০০ টাকার ট্রেজারী চালানের একটি অনুলিপি ;

(খ) সংস্থার গঠনতন্ত্রের একটি অনুলিপি ; এবং

(গ) 'ক' ফরমে দরখাস্ত করিতে হইলে উক্ত ফরমে উল্লিখিত অন্যান্য দলিল-পত্র।

৫। **রেজিষ্ট্রির পূর্বে তদন্ত**—সংস্থার কর্মসূচীর প্রয়োজনীয়তা ও সম্ভাব্যতা, উহার আর্থিক সংগতি, সামগ্রিক অবস্থা এবং কল্যাণকর কার্যের মান সম্পর্কিত তদন্তসমূহ রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ কর্তৃক ৪ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য তদন্তের অন্তর্ভুক্ত হইবে।

৬। **রেজিষ্ট্রির প্রত্যায়ন পত্র**—৪ ধারার অধীনে প্রদত্ত রেজিষ্ট্রির প্রত্যায়ন পত্র 'গ' ফরমে হইবে।

৭। **সংস্থার কার্য আরম্ভের তারিখ**—অধ্যাদেশ বলবৎ হইবার পরে স্থাপিত কোন সংস্থাকে রেজিষ্ট্রিকরণ প্রত্যায়ন পত্র প্রদানের তারিখ হইতে উহা তিন মাসের মধ্যে কাজ আরম্ভ করিবে, এবং কার্য আরম্ভের ১৫ দিনের মধ্যে তৎসম্পর্কে রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষকে জানাইবে।

৮। রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ কর্তৃক রক্ষণীয় রেজিষ্ট্রার—৪ ধারার (৩) উপধারা অনুযায়ী রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষের যে রেজিষ্টার রাখিতে হইবে তাহা "ঘ" ফরমে হইবে।

৯। **হিসাব-পত্র ও রেজিষ্ট্রি বহি রক্ষণাবেক্ষণ**—(১) সংস্থা নিম্নলিখিত হিসাব বহি ও অন্যান্য নথিপত্র রক্ষণাবেক্ষণ করিবে, যথা—

(ক) ক্যাশ বহি—যাহাতে সংস্থা কর্তৃক প্রাপ্ত বা প্রদত্ত বা যাহাতে সংস্থার পক্ষে প্রাপ্ত বা প্রদত্ত টাকার হিসাব কালক্রমানুযায়ী লিখিতে হইবে এবং যাবতীয় খরচের সমর্থনে প্রয়োজনীয় রশিদ-পত্র সংরক্ষণ করিতে হইবে ;

(খ) খতিয়ান—যাহাতে ব্যক্তিগত ও ব্যক্তিগত নহে এইরূপ সকল প্রকারের হিসাব লিখিতে হইবে ;

(গ) আয়-ব্যয়ের হিসাব—যাহা প্রত্যেক আর্থিক বৎসরের শেষে প্রস্তুত করিতে হইবে এবং রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন সনদপ্রাপ্ত হিসাব পরীক্ষক বা হিসাব নিরীক্ষক বা হিসাব নিরীক্ষকগণ কর্তৃক নিরীক্ষিত হইতে হইবে এবং আর্থিক বৎসর শেষ হওয়ার পর ছয় মাসের মধ্যে তাহা উক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে ;

(ঘ) সদস্য বহি—যাহাতে সংস্থার সদস্যগণের নাম ও ঠিকানা লিখিতে হইবে ;

(ঙ) কার্য বিবরণী বহি—যাহাতে সংস্থার সভায় গৃহীত যাবতীয় কার্য বিবরণী লিখিতে হইবে ;

(চ) পরিদর্শন বহি—যাহাতে সংস্থা পরিদর্শনের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিগণের মতামত লিপিবদ্ধ করিতে হইবে ;

(ছ) অন্যান্য বহি—যাহা রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ প্রয়োজনবোধে লিখিত আদেশ দ্বারা রক্ষণাবেক্ষণ করিতে বলিবেন তাহা রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

(২) সংস্থার নগদ টাকা বা ভাণ্ডার তত্ত্বাবধান বা পরিচালনার জন্য দায়িত্বসম্পন্ন প্রত্যেক কর্মচারীকে উপযুক্ত আর্থিক সংগতিসম্পন্ন কোন বীমা কোম্পানীর নিকট হইতে "সততা মুচলেকা" আকারে সংস্থাকর্তৃক নির্ধারিত পরিমাণ অর্থের একটি জামানত দিতে হইবে এবং উক্ত মুচলেকার একটি অনুলিপি রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

১০। **বার্ষিক রিপোর্ট**—(১) সংস্থা প্রত্যেক আর্থিক বৎসরের শেষে অন্যান্য বিষয় ছাড়াও, নিম্নবর্ণিত বিষয়াদি সম্বলিত একটি বার্ষিক রিপোর্ট প্রকাশ করিবে, যথা—

(ক) সংস্থার সাধারণ ব্যবস্থাপনা ;

(খ) আলোচ্য বৎসরে সম্পাদিত সেবা কার্যাবলীর প্রকৃতি ও ব্যাপকতার বিস্তারিত বিবরণ, এবং সম্ভব হইলে উহার সমর্থনে প্রয়োজনীয় তথ্যাদি ;

(গ) পরবর্তী বৎসরের কর্মসূচী ; এবং

(ঘ) নিরীক্ষিত হিসাব।

(২) বার্ষিক রিপোর্ট প্রকাশিত হইবার অব্যবহিত পরে উহার একটি অনুলিপি রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

১১। **সংস্থার ঠিকানা পরিবর্তন**—সংস্থার ঠিকানার কোন পরিবর্তন হইলে তৎসম্পর্কে সাত দিনের মধ্যে রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষকে জানাইতে হইবে।

১২। **স্বেচ্ছায় সংস্থার বিলোপ সাধন**—কোন সংস্থার বিলোপ সাধনের জন্য দরখাস্ত ১১ ধারা অনুযায়ী 'ঙ' ফরমে করিতে হইবে এবং উক্ত দরখাস্তে উল্লিখিত সদস্যগণের দস্তখত থাকিতে হইবে।

১৩। **দলিল-পত্রাদি পরিদর্শনের ফিস**—রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষের অফিসে রেজিষ্ট্রিকৃত কোন সংস্থার দলিল-পত্র পরীক্ষা করিয়া দেখিবার জন্য প্রতি দলিল বাবদ দুই টাকা পঞ্চাশ পয়সা এবং অনুরূপ কোন দলিলের নকল বা উহার উদ্ধৃতাংশ পাইতে হইলে প্রতি এক শত শব্দ বা উহার অংশ বিশেষের জন্য পঞ্চাশ পয়সা করিয়া ফিস্ দিতে হইবে।

# তফসিল ১

## (৩ বিধি দ্রষ্টব্য)

## সংস্থার গঠনতন্ত্রের বিষয়াবলী

১। সংস্থার নাম।

২। কার্য এলাকা।

(সংস্থা স্থানীয় এলাকাভিত্তিক কিংবা উহা নগর বা জাতীয়ভিত্তিক কি না তাহা উল্লেখ করিতে হইবে)।

৩। সংস্থার প্রধান অফিসের ঠিকানা।

৪। সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ।

৫। সদস্য পদ ঃ

(ক) সদস্য পদের জন্য যোগ্যতা ;

(খ) সদস্য পদের শ্রেণী বিভাগ এবং উহার শর্তাদি ও প্রদেয় ফিস, যদি থাকে ;

(গ) সদস্য গ্রহণ পদ্ধতি ;

(ঘ) বিভিন্ন শ্রেণীর সদস্যদের অধিকার ও সুবিধাদি ;

(ঙ) যুক্তিসঙ্গত কারণে সদস্য পদ বাতিল বা সাময়িকভাবে স্থগিতকরণ পদ্ধতি, যেমন—

(১) চাঁদা না দেওয়া ;

(২) সংস্থার সভায় উপস্থিত না হওয়া ;

(৩) সংস্থার স্বার্থের পরিপন্থী আচরণ করা ;

(চ) সাময়িকভাবে স্থগিত বা বাতিলকৃত সদস্য পদের পুনর্বহাল বা পুনর্গ্রহণ পদ্ধতি।

৬। শাখাসমূহে (যে সকল সংস্থার শাখা আছে কেবল সেই সকল সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য) ঃ

(ক) শাখার অধিকার ও সুবিধাদি ;

(খ) শাখার দায়িত্ব ;

(গ) শাখার অনুমোদন স্থগিত বা প্রত্যাহার পদ্ধতি।

৭। সাংগঠনিক কাঠামো ঃ

(ক) সংস্থার কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনার উদ্দেশ্যে সংস্থার সদস্যগণের সমন্বয়ে গঠিত বিভিন্ন উপ-সংস্থার (body) নাম ;

(খ) সাধারণ সদস্যমন্ডলী, পরিচালকমন্ডলী এবং অন্যান্য যে-কোন সদস্যমন্ডলীর সংগঠন ক্ষমতা ও কার্যাবলী ;

(গ) কর্মকর্তাগণ ঃ

(১) কর্মকর্তাগণের পদের নাম ;

(২) তাঁহাদের নির্বাচন, বাছাই ও মনোনয়ন পদ্ধতি ;

(৩) তাঁহাদের কার্যকালের মেয়াদ ;

(৪) তাঁহাদের ক্ষমতা ও কার্যাবলী বিশেষতঃ প্রত্যেক পদের ক্ষমতা ও কার্যাবলী।

৮। সভা ঃ

(ক) বিভিন্ন ধরণের সভা আহবান পদ্ধতি ;

(খ) সভার জন্য নোটিশের মেয়াদ ;

(গ) বিভিন্ন সভার জন্য কোরাম।

৯। আর্থিক প্রশাসন ব্যবস্থা ঃ

(ক) ব্যাঙ্ক হইতে টাকা তুলিবার পদ্ধতি ;

(খ) সংস্থার হিসাব নিরীক্ষক নিয়োগ পদ্ধতি।

১০। গঠনতন্ত্রের সংশোধন ঃ

সংস্থার গঠনতন্ত্রের কোন সংশোধনী সম্পর্কে রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষের নিকট সুপারিশ করিবার জন্য গ্রহণীয় পদ্ধতি।

# তফসিল ২

(৪ বিধি দ্রষ্টব্য)

## 'ক' ফরম

১৯৬১ সালের ৪৬ নম্বর অধ্যাদেশ বলবৎ হইবার পূর্বে বিদ্যমান সংস্থাসমূহ রেজিষ্ট্রিকরণের জন্য দরখাস্ত।

রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ সমীপে,
স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ,
সমাজসেবা অধিদপ্তর,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

জনাব,

আমি, নিম্নস্বাক্ষরকারী.................................................................................পরিচালনা
(সংস্থার নাম)
করিতেছি, উহার বিবরণসমূহ নিম্নে দেওয়া হইল ঃ

১। সংস্থার নাম ...................................................

২। ঠিকানা ...................................................

৩। স্থাপনের তারিখ ...................................................

৪। অন্য কোন আইন অনুযায়ী রেজিষ্ট্রি করা হইয়া থাকিলে উহার তারিখ, স্থান ও নম্বর।

৫। সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ (অধ্যাদেশের তফসিলে উল্লিখিত সেবাকার্যাবলী প্রসঙ্গে লিখিতে হইবে)।

৬। কার্য এলাকা (কোন পার্শ্ববর্তী এলাকা, নগর কিংবা বাংলাদেশভিত্তিক কি না তাহার উল্লেখ করিতে হইবে)।

৭। সংস্থার কর্মকর্তাদের নাম, পেশা ও ঠিকানা।

| নাম | পদের নাম | পেশা | ঠিকানা |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |
| (৪) | | | |
| (৫) | | | |
| (৬) | | | |
| (৭) | | | |

৮। সংস্থার তহবিল যে ব্যাঙ্ক বা ব্যাঙ্কসমূহে জমা রাখা হইয়াছে সেই ব্যাঙ্ক বা ব্যাঙ্কসমূহের নাম।

৯। (ক) বিগত সাধারণ সভা যে তারিখে অনুষ্ঠিত হইয়াছে সেই তারিখে সংস্থার সদস্যগণের মোট সংখ্যা।

(খ) গত সাধারণ সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যা।

১০। নিম্নলিখিত তথ্য সম্বলিত সংক্ষিপ্ত বিবরণী সংযুক্ত করা হইল ঃ

(ক) বর্তমান সেবা কার্যে ব্যবহৃত স্থান।

(খ) সংস্থায় কার্যরত যোগ্যতাসম্পন্ন লোক থাকিলে তাঁহাদের নাম ও যোগ্যতার তালিকা।

(গ) বিগত বৎসরসমূহের অথবা সংস্থা স্থাপিত হইবার পরবর্তী কালের মধ্যে যে সময়ের পরিমাণ কম হইবে সেই সময়ের আয় ও ব্যয়।

অনুরোধ করা যাইতেছে যে, ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ অধ্যাদেশ অনুযায়ী উপরিউক্ত সংস্থা রেজিষ্ট্রি করা হউক।

আমি অঙ্গীকার করিতেছি যে, সংস্থার কর্মকর্তাগণের কোন রদ-বদল হইলে তাহা ত্রিশ দিনের মধ্যে আপনাকে জানাইব।

নিম্নলিখিত দলিল-পত্র সংযুক্ত করা হইল ঃ

(১) ২৫ টাকার ট্রেজারী চালান ;

(২) সংস্থার গঠনতন্ত্রের একটি অনুলিপি ;

(৩) সংস্থার সদস্যগণের গত সাধারণ সভার কার্য বিবরণীর একটি অনুলিপি।

(৪) বিগত তিন বৎসর অথবা সংস্থা স্থাপিত হওয়া অবধি সময়ের মধ্যে যে সময় কম হয় সেই সময়ের বার্ষিক রিপোর্ট অথবা উক্ত সময়ের মধ্যে সম্পাদিত কার্যাবলীর বিবরণী যাহা সংস্থার কার্য এলাকায় বসবাসকারী কোন গেজেটেড অফিসার বা ইউনিয়ন কাউন্সিলের/কমিটির চেয়ারম্যান কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে।

এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, উপরিউক্ত বিবরণী নির্ভুল।

(সংস্থা কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতা প্রদত্ত যে-কোন কর্মকর্তা নিম্নে স্বাক্ষর করিতে পারেন)।

আপনার বিশ্বস্ত

তারিখ............................ স্বাক্ষর..............................................

নাম..............................................

পদের নাম..............................................

## 'খ' ফরম

(৪ বিধি দ্রষ্টব্য)

১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ বলবৎ হইবার পর স্থাপিত সংস্থাসমূহ রেজিষ্ট্রিকরণের জন্য দরখাস্ত।

রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ সমীপে,
স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ,
সমাজসেবা অধিদপ্তর,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

জনাব,

আমরা নিম্নস্বাক্ষরকারিগন, ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ (১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ)-এর বিধানাবলী মোতাবেক একটি সংস্থা স্থাপনের প্রস্তাব করিতেছি।

প্রস্তাবিত সংস্থার বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ

১। সংস্থার নাম ..................................................

২। ঠিকানা ..................................................

৩। সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ (অধ্যাদেশের তফসিলে উল্লিখিত কার্যাবলী প্রসঙ্গে লিখিতে হইবে)।

৪। কার্য এলাকা (কোন পার্শ্ববর্তী এলাকা, নগর কিংবা বাংলাদেশভিত্তিক কিনা)।

৫। কার্যপরিচালনা প্রকল্প (সংস্থা স্থাপনের জন্য গৃহীতব্য ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ দিয়া প্রয়োজনবোধে স্থান, যোগ্যতাসম্পন্ন ব্যক্তি ও সরঞ্জামাদি সম্পর্কে একটি পৃথক পৃষ্ঠা সংযুক্ত করা যাইবে)।

৬। কি প্রকারে অর্থের সংস্থান করা হইবে।

৭। প্রতিষ্ঠাতা সদস্যগণের নাম, পেশা ও ঠিকানা।

| নাম | পেশা | ঠিকানা |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |
| ৬। | | |
| ৭। | | |
| ৮। | | |
| ৯। | | |
| ১০। | | |

৮। সংস্থার তহবিল জমা রাখিবার জন্য প্রস্তাবিত ব্যাঙ্ক বা ব্যাঙ্কসমূহের নাম।

অনুরোধ করা যাইতেছে যে, পূর্ববর্ণিত অধ্যাদেশ অনুযায়ী সংস্থাটি রেজিষ্ট্রি করা হউক। আমরা অঙ্গীকার করিতেছি যে সংস্থার কর্মকর্তাগণের কোন রদ-বদল হইলে তাহা রদ-বদলের ত্রিশ দিনের মধ্যে আপনাকে জানাইব।

২৫.০০ টাকার ট্রেজারী চালান ও সংস্থার গঠনতন্ত্রের একটি অনুলিপি ইহার সঙ্গে সংযুক্ত করা হইল।

আমরা এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, উপরিউক্ত তথ্য নির্ভুল।

(সকল প্রতিষ্ঠাতা-সদস্য নিম্নে স্বাক্ষর করিবেন)

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষীগণের স্বাক্ষর
(নাম ও ঠিকানাসহ) ঃ

১।
২।

১।
২।
৩।
৪।

## 'গ' ফরম

( ৬ বিধি দ্রষ্টব্য )

রেজিষ্ট্রি নং..................................................................তারিখ..........................................

এতদ্বারা আমি প্রত্যায়ন করিতেছি যে, ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ (১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ)-এর অধীনে.................. ............................................................................................................... (সংস্থার নাম) উনিশ শত..................................সালের..........................মাসের.................................. তারিখে........................................স্থানে আমার নিজ দস্তখতে এবং সরকারী সীলমোহরে রেজিষ্ট্রি করা হইল।

রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষ

দ্রষ্টব্য ঃ এই প্রত্যায়নপত্র হারাইয়া গেলে তাহা সাত দিনের মধ্যে রেজিষ্ট্রিকরণ কর্তৃপক্ষকে জানাইতে হইবে।

## 'ঘ' ফরম

(৮ বিধি দ্রষ্টব্য)

## রেজিষ্ট্রি বহির ফরম

| লিপিবদ্ধ করিবার তারিখ ১ | সংস্থার নাম ও ঠিকানা ২ | রেজিষ্ট্রী নম্বর ৩ | রেজিষ্ট্রিকরণের তারিখ ৪ | স্থাপনের তারিখ ৫ |
|---|---|---|---|---|
| | | | | |

প্রতিষ্ঠাতা-সদস্যের বিস্তারিত বিবরণ (কেবল নূতন সংস্থার ক্ষেত্রে প্রযোজ্য)

| সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ ৬ | কার্য এলাকা ৭ | নাম ৮ | পেশা ৯ | ঠিকানা ১০ |
|---|---|---|---|---|
| | | | | |

| কর্মকর্তাগণের বিস্তারিত বিবরণ | | | যে ব্যাংক বা ব্যাংকসমূহে তহবিল জমা রাখা হইয়াছে। ১৪ | মন্তব্য ১৫ |
|---|---|---|---|---|
| নাম ১১ | পদের নাম ১২ | ঠিকানা ১৩ | | |
| | | | | |

## 'ঙ' ফরম

(১২ বিধি দ্রষ্টব্য)

যে সভায় স্বেচ্ছায় সংস্থা বিলোপসাধনের জন্য দরখাস্ত করা হয় সেই সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যা ছিল.............................................প্রসঙ্গ নং.............................................
রেজিষ্ট্রি নং.............................................................তারিখ.............................................এবং
বিলোপসাধনের পক্ষে ভোট প্রদানকারী ব্যক্তিগণের সংখ্যা..............................................

(সংখ্যা লিখিতে হইবে)

**মাননীয় সচিব,**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়,**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।**

জনাব,

.............................................................তারিখে.............................................

(স্থানের নাম)

.............................................................ঘটিকায় অনুষ্ঠিত.............................................

(সংস্থার নাম)

সাধারণ সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ (১৯৬১ সালের....................৪৬নং অধ্যাদেশ)-এর ১১ ধারা অনুযায়ী নিম্নলিখিত কারণে সংস্থার বিলোপসাধনের জন্য বাংলাদেশ সরকারের নিকট আবেদন করা হউক, যথা—

.............................................................................................................................
.............................................................................................................................
.............................................................................................................................
.............................................................................................................................

(এখানে কারণসমূহ সংক্ষেপে লিখিতে হইবে)

অতএব, অনুরোধ করা যাইতেছে যে, উল্লিখিত সংস্থার বিলোপসাধনের জন্য আদেশ দেওয়া হউক।

যে তারিখে উক্ত সভা অনুষ্ঠিত হইয়াছিল সেই তারিখে সংস্থার মোট সদস্য পদের সংখ্যা.............................................................ছিল এবং সভায় উপস্থিত মোট সদস্য সংখ্যা

(সংখ্যায় লিখিতে হইবে)

ছিল..............................এবং সংস্থার বিলোপসাধনের পক্ষে ভোট প্রদানকারী সদস্যগণের সংখ্যা ছিল...........................।

(সংখ্যায় লিখিতে হইবে)

আমরা এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, উপরে প্রদত্ত তথ্য নির্ভুল। উপরিউক্ত সভায় গৃহীত প্রস্তাবের একটি প্রত্যায়িত অনুলিপি ইহার সহিত সংযুক্ত করা হইল।

(উপরিউক্ত সভায় যোগদানকারী এবং বিলোপসাধনের পক্ষে ভোট দানকারী সকল সদস্যই নিম্নে স্বাক্ষর করিবেন)।

আপনার বিশ্বস্ত,

| সদস্যের নাম | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |

ঢাকা :

তারিখ..................

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সচিব

হাসানুজ্জামান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজকল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং -সকম/সসে-৩/৫৯/৯৬-১৭১ তারিখ ঃ ২৩-৫-৯৬ ইং / ০৯-২-১৪০৩ বাং

## বিজ্ঞপ্তি

১৯৬১ সালের "Voluntary Social Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961" এর ৯(৩) ধারা অনুসারে উক্ত আদেশের আওতায় নিবন্ধীকৃত স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের গভর্নিং বডিসমূহ পুনর্বহাল বা বাতিল ও পুনর্গঠন সংক্রান্ত চূড়ান্ত সিদ্ধান্ত প্রদানের জন্য সরকার ৫ (পাঁচ) সদস্য সমন্বয়ে নিম্নরূপ বোর্ড গঠন করিয়াছেন ঃ—

বোর্ডের গঠন ঃ

(১) যুগ্ম সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। .. সভাপতি

(২) পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর। .. সদস্য

(৩) নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ। .. সদস্য

(৪) আইন ও বিচার মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিবের নীচে নয়)। .. সদস্য

(৫) উপ-সচিব (প্রশাসন) সমাজকল্যাণ মন্ত্রণালয়। .. সদস্য-সচিব

২। বোর্ডের দায়িত্ব ঃ

উপরে উল্লেখিত অধ্যাদেশের ৯(১) ও ৯(২) ধারা অনুযায়ী নিবন্ধীকরণ কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করিলে এই বোর্ড উক্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষর/অস্পষ্ট

সিনিয়র সহকারী সচিব